আমরা যুহর ও আসরের সালাতে রাসূলে কিয়ামের সময় অনুমান করলাম। যুহরের প্রথম দুই রাকা‘আতে তার কিয়াম ছিল আলিফ লাম মীম সাজদাহ তিলাওয়াত করার সময় পরিমাণ। আর শেষের দুই রাকা‘আতে তার কিয়াম ছিল তার অর্ধেক।

আবূ সা‘ঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা যুহর ও আসরের সালাতে রাসূলে কিয়ামের সময় অনুমান করলাম। যুহরের প্রথম দুই রাকা‘আতে তার কিয়াম ছিল আলিফ লাম মীম সাজদাহ তিলাওয়াত করার সময় পরিমাণ। আর শেষের দুই রাকা‘আতে তার কিয়াম ছিল তার অর্ধেক। আসরের প্রথম দুই রাকা‘আতে তার কিয়াম ছিল যুহরের শেষ দুই রাকা‘আতের কিয়াম করার সময় পরিমাণ। আর শেষের দুই রাকা‘আতে তার কিয়াম ছিল প্রথম দুই রাকাতের অর্ধেক।
আবূ বকর স্বীয় বর্ণনায় আলিফ লাম মীম তানযীল বলেননি। আর তিনি বলেন, ত্রিশ আয়াত
পরিমাণ।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যুহর ও আসরের সালাতে কিয়ামের পরিমাণ সম্পর্কে হাদীস শরীফটি স্পষ্ট করে। সুতরাং যুহরের প্রথম দুই রাকা‘আতে কিয়ামের পরিমাণ ত্রিশ আয়াত বা সূরা সিজদাহ তিলাওয়াত করার পরিমান সময়। আর শেষের দুই রাকা‘আতে তার অর্ধেক বা পনের আয়াত তিলাওয়ার করার পরিমাণ সময়। আর আসরের সালাতে দাড়ানোর সময় যুহরের তুলনায় কম। সুতরাং প্রথম দুই রাকা‘আতে কিয়ামের পরিমাণ পনেরো আয়াত তিলাওয়াত করার পরিমাণ সময় এবং শেষের দুই রাকাআতে তার অর্ধেক বা সাত থেকে আট আয়াত তিলাওয়াত করার পরিমাণ সময়।

http://sunnah.global/hadeeth/bn/show/10917